

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়ঃ চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

মূল্যবোধ

নগর প্রকল্পের কার্য

গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০১১

P&L

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়ঃ চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০১১

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ :

১.০১। ইহা বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর কর্মচারীগণের “গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ নীতিমালা-২০১১” নামে অভিহিত হবে।

১.০২। এই নীতিমালা ২০১১-২০১২ অর্থবছর হতে কার্যকর হবে।

সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এই নীতিমালায় :

২.০১। “কোম্পানী” বলতে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-কে বুঝাবে।

২.০২। “নীতিমালা” বলতে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর কর্মকর্তা-কর্মচারীগণের “গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ নীতিমালা-২০১১” বুঝাবে।

২.০৩। “গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ বলতে (১) নিজস্ব মালিকানাধীন জমির উপর বাড়ি নির্মাণ, (২) জমি ক্রয়, (৩) নিজেস্ব মালিকানাধীন জমির উপর নির্মিত বাড়ি সংস্কার, সম্প্রসারণ বা পুনর্নির্মাণ, (৪) তৈরী বাড়ি/ফ্ল্যাট ক্রয়, (৫) স্ব-উদ্যোগে বা গৃহ নির্মাণ ঋণের মাধ্যমে নির্মিত বাড়ি সংস্কার, সম্প্রসারণ বা পুনর্নির্মাণ, (৬) গৃহ নির্মাণ ঋণের ব্যালেন্স সমন্বয় ইত্যাদি কাজের জন্য নীতিমালায় বর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে যে আর্থিক মঞ্জুরী প্রদান করা হবে উহাকে বুঝাবে।

২.০৪। “সংস্কার” (রিকনস্ট্রাকশন ও রিপায়ার) বলতে কোম্পানীর নিকট বন্ধকী জমি/বাড়ির এমন ধরনের উন্নয়নমূলক কাজকে বুঝাবে যার জন্য যথেষ্ট পরিমাণ অর্থ বিনিয়োগের আবশ্যিক হবে এবং ফলতঃ বাড়ির মূল্য বৃদ্ধি পাবে। যেমন-নিট ফিনিশিং-এর স্থলে মোজাইক করা, টাইলস/পাথর লাগানো, কাঠের জানালা বা ষ্টীলের গ্রীলের পরিবর্তে থাই এ্যালুমিনিয়াম লাগানো। জলছাদ নির্মাণ, সম্পূর্ণ বাড়ি বা তার বৃহত্তর অংশের পুরাতন আস্তর, প্লাস্টার পরিবর্তন করে নতুনভাবে প্লাস্টার, রং করা, সিরামিক ইট লাগানো, পুরাতন ইলেকট্রিক লাইন বা পানির লাইন পরিবর্তন করা ইত্যাদিকে বুঝাবে। সাধারণ (ছোট খাটো) মেরামতকে কোনভাবেই সংস্কার বুঝাবে না।

২.০৫। “বন্ধক” বলতে ঋণের টাকায় ক্রয়কৃত জমি/বাড়ির মূল দলিল উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জমা রেখে রেজিস্ট্রার্ড বন্ধক এবং টাইটেল ডিড বা ইকুইটেবল মর্টগেজ (Equitable Mortgage) সম্পাদনকরতঃ কোম্পানীতে জামানত হিসাবে জমা রাখাকে বুঝাবে।

২.০৬। “অবমুক্তি” বলতে গৃহীত ঋণের সুদেমূলে সমুদয় পাওনা পরিশোধের পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে জমাকৃত দলিল পত্রাদি ফেরত প্রদানকে বুঝাবে।

২.০৭। একটি নির্মিত বাড়ি পুনর্নির্মাণ (রি-মডেলিং) বলতে নির্মিত বাড়ির মূল অবকাঠামোর সংশোধন, ঝুঁকি সৃষ্টি না করে বাড়িটির সৌন্দর্য্য বর্ধনের জন্য নতুনভাবে প্লান অনুমোদন করিয়ে সে মোতাবেক নির্মিত ভবনের কিছু কিছু অংশের যে পরিবর্তন করা হবে উহাকে বুঝাবে।

২.০৮। “পার্বদ” বলতে কোম্পানীর পরিচালনা পর্ষদকে বুঝাবে।

২.০৯। “ব্যবস্থাপনা পরিচালক” বলতে কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালককে বুঝাবে।

- ২.১০। “কর্তৃপক্ষ” বলতে পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক বা তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাবে এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হবেন।
- ২.১১। “উপযুক্ত কর্তৃপক্ষ” বলতে এই নীতিমালার অধীনে সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে বুঝাবে।
- ২.১২। “যথাযথ কর্তৃপক্ষ” বলতে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা নিয়োগকারী কর্তৃপক্ষ হতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাকে বুঝাবে।
- ২.১৩। “কর্মচারী” বলতে কোম্পানীর যে কোন স্থায়ী কর্মকর্তা-কর্মচারী উভয়কেই বুঝাবে।
- ২.১৪। “অভিযুক্ত” ব্যক্তি বলতে সেই কর্মকর্তা-কর্মচারীকে বুঝাবে যার বিরুদ্ধে কোম্পানীর চাকুরী প্রবিধানমালার অধীনে অভিযোগনামা (চার্জশীট) প্রদান করা হয়েছে অথবা ফৌজদারী মামলায় অভিযুক্ত হয়ে কারাবাসের কারণে সাময়িক বরখাস্ত (সাসপেন্ড) করা হয়েছে এমন কর্মকর্তা-কর্মচারীকে বুঝাবে।

ঋণ প্রাপ্তির যোগ্যতা :

গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় প্রাপ্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে নিম্নোক্ত যোগ্যতা অর্জন করতে হবে:

- ৫.০১। আবেদনকারীকে কোম্পানীর একজন স্থায়ী কর্মকর্তা-কর্মচারী হতে হবে এবং তার চাকুরীকাল ন্যূনতম ০৫(পাঁচ) বছর হতে হবে। একজন স্থায়ী কর্মকর্তা-কর্মচারী পি.আর.এল (অবসর উত্তর ছুটি)-এ গমনের ০৫(পাঁচ) বছর পূর্ব পর্যন্ত ঋণ পাওয়ার যোগ্য হবে।
- ৫.০২। এই নীতিমালায় বর্ণিত মতে অভিযুক্ত কোন কর্মকর্তা-কর্মচারী কোন প্রকার ঋণ পাবার অধিকারী হবে না।
- ৫.০৩। স্বামী-স্ত্রী উভয়ে কোম্পানীতে কর্মরত থাকাকালীন একই জমির/বাড়ির বিপরীতে উভয়কে ঋণ মঞ্জুর করা যাবে না। তবে ভিন্ন জমির/বাড়ির মালিকানার বিপরীতে উভয়কে ঋণ মঞ্জুর করা যাবে।
- ৫.০৪। ঋণের অর্থ নির্মিত বাড়ির সংস্কারের তুলনায় জমি ক্রয় ও উন্নয়ন/বাড়ি নির্মাণের বিষয়টি ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
- ৫.০৫। কোম্পানীর চাকুরীতে চুক্তিভিত্তিক/খন্ডকালীন/প্রেমণে/লিয়েনে নিয়োজিত কোন ব্যক্তি এই ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে কোম্পানীর কোন কর্মকর্তা-কর্মচারী অন্যত্র প্রেষণে থাকাকালীন সময়ে কোম্পানী হতে এই নীতিমালার আওতায় ঋণ পাওয়ার যোগ্য হবেন।
- ৫.০৬। গৃহ নির্মাণ ঋণের টাকায় জমির বায়না করার পর ঐ জমি ক্রয় করতে না পারলে বা জমি ক্রয় করে কোম্পানীর নিকট বন্ধক রাখার পর কোন কর্মকর্তা-কর্মচারী ঐ জমিতে বাড়ি নির্মাণ করতে না পারলে উক্ত জমির পরিবর্তে অন্য জমি ক্রয় করতে চাইলে বা নিজ নামের অন্য জমিতে বাড়ি নির্মাণ করতে চাইলে মঞ্জুরকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্লট/জমি পরিবর্তন করতে পারবেন। এ ক্ষেত্রে যাবতীয় খরচ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকেই বহন করতে হবে। তবে এ সুযোগ একাধিকবার দেয়া যাবে না।
- ৫.০৭। ঋণ গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীকে ক্রয়কৃত জমির দলিলপত্র কোম্পানীতে জমা রেখে বন্ধক না করা পর্যন্ত ভবিষ্যৎ তহবিল হতে কোন ঋণ প্রদান করা হবে না। প্রয়োজনে কোম্পানী তাহাদের ভবিষ্যৎ তহবিলের টাকা হতে কোম্পানীর গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের পাওনা (আসল+সুদ) আদায় করতে পারবে মর্মে কোম্পানী কর্তৃক নির্ধারিত ফরমে ক্ষমতা অর্পণ করে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ক্ষমতা অর্পণপত্র জমা দিতে হবে।
- ৫.০৮। আবেদনকারীদের আবেদন জ্যেষ্ঠতার ভিত্তিতে বিবেচনা করা হবে।
- ৫.০৯। যে সকল কর্মকর্তা-কর্মচারীর নিজস্ব কোন বাড়ি নেই বা যে সকল কর্মকর্তা-কর্মচারী কোম্পানীর ঋণে ইতঃপূর্বে বাড়ি নির্মাণ করেন নাই, গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ প্রাপ্তির ক্ষেত্রে তাঁরা অগ্রাধিকার পাবেন।
- ৫.১০। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী কর্তৃক কোম্পানী হতে গৃহীত অন্যান্য খাতের ঋণ বা অগ্রিম গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ মঞ্জুরীর ব্যাপারে কোন প্রতিবন্ধক হবে না। অর্থাৎ, কোম্পানী হতে গৃহীত ঋণ বা অগ্রিম একটি অপরটির ক্ষেত্রে প্রতিবন্ধক হবে না।

Wetland

শেয়ারহোল্ডার মহোদয়
কোম্পানীর পক্ষে
৩৩ সুরমিয়া পোস্ত বাইপাস কোম্পানী লিমিটেড
১১/১/২০১৮

০.১১

সময় সময় ঋণের সিলিং বৃদ্ধির ক্ষেত্রে ইতঃপূর্বে উক্ত খাতে ঋণের ৫০% পরিশোধ হলে ঋণের সিলিং বৃদ্ধির সুবিধা হিসেবে পূর্বের গৃহীত ঋণের অপরিশোধিত অর্থ সমন্বয় পূর্বক (বাজেট সংকুলান সাপেক্ষে) নতুন হারে সমন্বয় গৃহ নির্মাণ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবে। তবে অবশিষ্ট চাকুরীকালের মধ্যে ন্যূনতম আসল টাকা আদায়ের সুযোগ থাকতে হবে এবং বর্ধিত সিলিং সুবিধা একাধিকবার প্রদেয় হবে না। তবে উপযুক্ত বিশেষ কারণে অবসর গ্রহণের প্রাক্কালে ঋণের অর্থ অপরিশোধিত থাকলে তা আনুতোষিক/ভবিষ্য তহবিল হতে এককালীন সমন্বয় করা হবে মর্মে ঋণ গ্রহণকারীকে অঙ্গীকারনামা দিতে হবে।

০.১২। ঋণ গ্রহণকারী কর্মকর্তাগণ একই পদ মর্যদা সম্পন্ন কর্মকর্তা এবং কর্মচারীগণ ন্যূনতম সমবেতন স্কেলভূক্ত কর্মচারী যাদের চাকুরীকাল ১০ (দশ) বৎসর পূর্ণ হয়েছে এবং গৃহীত ঋণের সমুদয় টাকা কর্তন/আদায় হওয়া পর্যন্ত তিনি চাকুরীতে থাকবেন কোম্পানীর এইরূপ ০২ (দুই) জন নিয়মিত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ১৫০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর সম্পাদিত জামিননামা (Surety Bond) যথাক্রমে প্রশাসন/সংস্থাপন ডিপার্টমেন্টে দাখিল করতে হবে। ঋণ গৃহীতার ঋণের সমুদয় পাওনা পরিশোধের পূর্বে নিয়োগকৃত জামিনদার চাকুরীচ্যুত হলে/মৃত্যুবরণ/লিয়েনে গমন/স্বেচ্ছায় পদত্যাগ করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী নিজ দায়িত্বে পুনরায় জামিনদার নিয়োগ করতে বাধ্য থাকবে।

০.১৩। ঋণ প্রাপ্তির ক্ষেত্রে কোন কর্মকর্তা-কর্মচারীর টেক হোম পে (নীট বেতন ভাতা), সর্বমোট বেতন ও ভাতার এক তৃতীয়াংশের (১/৩) কম হবে না।

০.১৪। মেট্রোপলিটন ও পার্শ্ববর্তী এরিয়া বা উহার বাহিরে থানা বা উপজেলা সদর/পৌরসভা এলাকায় সেমিপাকা বাড়ি (ইটের দেয়াল এবং টিনের চালা) তৈরী করার জন্য ঋণ গ্রহণ করতে পারবে।

গৃহ নির্মাণ ঋণের সিলিং নিম্নরূপ হবে :

০.১৫। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ১১০ (একশত দশ) মাসের মূল বেতন-এর সমপরিমাণ অর্থ অথবা ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এর মধ্যে যেটি কম।

০.১৬। পরিচালনা পর্ষদ উপরোক্ত ০.১৫-এ বর্ণিত সিলিং সময়ে সময়ে পর্যালোচনাপূর্বক পুনঃনির্ধারণ করতে পারবে। উক্তরূপ পরিবর্তন করা হলে সে মর্মে প্রশাসন বিভাগ হতে অফিস আদেশ/পরিপত্র জারি করা হবে।

মঞ্জুরী ও বিতরণ :

০.১৭। নির্ধারিত সর্বোচ্চ সিলিং-এর অধীনে প্রাপ্তব্য ঋণ বাজেট সংকুলান সাপেক্ষে একবারে মঞ্জুর করা হবে। তবে মঞ্জুরীকৃত টাকা নীতিমালার ০.১৬ তে উল্লেখিত কিস্তি অনুযায়ী পৃথক আদেশের মাধ্যমে প্রদান করা হবে।

০.১৮। অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে ০.১৫ ক্রমিকে উল্লেখিত গৃহ নির্মাণ ঋণের সর্বোচ্চ পরিমাণ প্রদানের কিস্তি নিম্নরূপ হবে:

| ক্রমিক নং | ঋণ ব্যবহারের উদ্দেশ্যে | মঞ্জুরীর পরিমাণ | বিতরণ |
|-----------|--|---|---------------------------|
| ০১ | জমি/ফ্ল্যাট ক্রয় ও উন্নয়ন। | প্রথমে মঞ্জুরীকৃত ঋণের ২৫% বায়না পত্র সম্পাদনার্থে এবং অবশিষ্ট ৭৫% সম্পূর্ণ মূল্য পরিশোধ বা সাফকবলা দলিল সম্পাদনার্থে। | ০২(দুই) টি কিস্তিতে। |
| ০২ | কোম্পানীর অধিমে ক্রয়কৃত বা নিজস্ব জমির উপর বাড়ি নির্মাণ। | প্রথমে মঞ্জুরীকৃত ঋণের ৫০% এবং উক্ত টাকা ব্যয়ের ভাউচার/প্রতিবেদন দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% টাকা। | ০২(দুই) টি সমান কিস্তিতে। |

০.১৯। সকল মঞ্জুরী পত্রের মেয়াদকাল মঞ্জুরীর তারিখ হতে সংশ্লিষ্ট বছরের ৩০ জুন পর্যন্ত বলবৎ থাকবে। তবে নিয়ন্ত্রণ বাহিঁরুত কোন কারণে নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ উত্তোলন করতে না পারলে পরিস্থিতি বিবেচনা করে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর আবেদনের পরিপ্রেক্ষিতে মঞ্জুরকারী কর্তৃপক্ষ মঞ্জুরীর মেয়াদকাল বর্ধিত করতে পারবেন।

Vetran

১৭/১/২০২২
মেয়াদকাল বর্ধমান
কোম্পানী সচিব
বড়শুধুরিয়া বোর্ড, দক্ষিণ কোম্পানী দিবি

- ৫.০৪। জমি ক্রয়ের জন্য প্রাপ্তব্য এবং মঞ্জুরীকৃত সমুদয় টাকা প্রদানের পূর্ব পর্যন্ত প্রস্তাবিত জমির বায়নানামা এবং ব্যক্তিগত জামিনানা জমা প্রদান সাপেক্ষে ঋণের অবশিষ্টাংশ প্রদান করা যাবে। তবে শর্ত থাকে যে, বায়নাকৃত জমির মালিকানা স্বত্বের দলিলাদির সার্টিফাইড কপি (জাবেদা নকল) সহ বায়নানামা দাখিল করতে হবে। এইরূপ দলিলপত্র এবং বিক্রয়ের শর্তাবলী সম্বলিত কাগজপত্র পরীক্ষাপূর্বক বিক্রেতার মালিকানা স্বত্ব সম্পর্কে নিশ্চিত হয়ে মঞ্জুরীকৃত ঋণের ২য় বা চূড়ান্ত কিস্তির টাকা প্রদান করা যাবে।
- ৫.০৫। ইতঃপূর্বে গৃহীত অগ্রিমের মাধ্যমে ক্রয়কৃত বা অন্য কোন উপায়ে অর্জিত জমিতে বাড়ি নির্মাণের জন্য মঞ্জুরীকৃত ঋণের বেলায় কোম্পানীর উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জমি/বাড়ির দলিল পত্র জমা রেখে বন্ধক দেওয়ার পরই কেবল বাড়ি নির্মাণের উদ্দেশ্যে মঞ্জুরীকৃত ঋণের কিস্তিসমূহ প্রদান করা হবে।
- ৫.০৬। নির্মাণের উদ্দেশ্যে পূর্বে প্রদত্ত ঋণের টাকা যথাযথ ব্যবহার নিশ্চিত হওয়ার পরই কেবল মঞ্জুরীকৃত ঋণের পরবর্তী কিস্তি প্রদান করা হবে।
- ৫.০৭। তৈরী বাড়ি/ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে, বিক্রেতার মালিকানা/স্বত্ব সম্পর্কিত দলিলাদি এবং বিক্রয়ের শর্তাবলী সম্বলিত কাগজপত্র/প্রসপেকটাসসহ আবেদনপত্র কোম্পানীতে জমা দিতে হবে। কোম্পানী ঐ সব দলিলাদি/কাগজপত্র সংশ্লিষ্ট কর্মকর্তার মাধ্যমে পরীক্ষাপূর্বক ও বিক্রির শর্তাবলী পর্যালোচনাপূর্বক উহা গ্রহণযোগ্য হলে মঞ্জুরীকৃত ঋণের বা উক্ত মূল্যের ভিত্তিতে ঋণ প্রদান করবে।
- ৫.০৮। তৈরী বাড়ি/ফ্ল্যাট ক্রয়ের জন্য মঞ্জুরীকৃত ঋণের ১ম কিস্তিতে মঞ্জুরীকৃত ঋণের ২৫% অথবা বায়নাকৃত অর্থ এই দুইয়ের মধ্যে যাহা কম তাহা ৫.০২ নং ক্রমিকে বর্ণিত শর্তানুযায়ী ব্যক্তিগত জামিনানা প্রহণপূর্বক প্রদান করা যাবে।
- ৫.০৯। তৈরী বাড়ি/ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও বিক্রেতার মধ্যে একটি দ্বি-পক্ষীয় চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি অনুযায়ী ক্রেতার বরাবরে দলিল সম্পাদন, দখল হস্তান্তর ও সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী কর্তৃক কোম্পানীর নিকট দায়বদ্ধ/অঙ্গীকার করার পরই মঞ্জুরীকৃত অগ্রিমের কিস্তি প্রদান করা হবে।
- ৫.১০। ঋণ হস্তে কোম্পানীর বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে এবং নির্ধারিত তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনকারী কর্মকর্তা-কর্মচারীদের জাহাজের ভিত্তিতে অগ্রাধিকার অনুযায়ী ঋণ বরাদ্দের আনুপাতিক হারে (সিলিং অনুযায়ী জমি ক্রয় ও উন্নয়ন এবং গৃহ নির্মাণের হারে) ঋণ মঞ্জুরী ও প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

ঋণের নিরাপত্তা/জামানত :

- ৫.১১। জমি/ফ্ল্যাট ক্রয়ের ০৩ (তিন) মাসের মধ্যে ক্রয়কৃত জমি/ফ্ল্যাট-এর দলিল পত্র কোম্পানীতে জমা রেখে রেজিস্ট্রার বন্ধক সম্পন্ন করতে হবে। তবে শর্ত থাকে যে, কোম্পানীর নিকট বন্ধককৃত দলিল-এর পাশাপাশি কোম্পানীর কর্মকর্তাদের প্রদত্ত ব্যক্তিগত জামিন বহাল থাকবে।
- ৫.১২। প্রথমে মঞ্জুরীকৃত ঋণের টাকার বিপরীতে সংশ্লিষ্ট জমি/ফ্ল্যাট-এর মূল দলিল কোম্পানীতে জমা রেখে বন্ধক প্রদান করতে হবে এবং পরবর্তীতে অতিরিক্ত/সমন্বয় হিসেবে মঞ্জুরীকৃত ঋণের জন্য ঋণ উত্তোলনের সময় নির্ধারিত মূল্যের স্ট্যাম্প ইকুইটেবল মর্টগেজ (Equitable Mortgage) দলিল সম্পাদন করতে হবে।
- ৫.১৩। প্রদত্ত ঋণ (সুদসহ) সম্পূর্ণরূপে পরিশোধিত হবার পর কোম্পানীতে বন্ধককৃত জমি/ফ্ল্যাট-এর দলিল অবমুক্ত করা যাবে।
- ৫.১৪। প্রদত্ত ঋণের সুদ ও আসল সম্পূর্ণরূপে পরিশোধিত না হওয়া পর্যন্ত কোন অবস্থাতেই কোম্পানীর নিকট বন্ধককৃত জমি/সম্পত্তি বা উহার কোন অংশ অন্যত্র বিক্রয়, হস্তান্তর, পরিবর্তন বা বন্ধক রাখা যাবে না। যদি কেহ এই শর্ত ভঙ্গ করেন তবে সমুদয় পাওনা টাকা এককালীন আদায়যোগ্য হবে।

ঋণ পরিশোধ ও সমন্বয় সংক্রান্ত :

- ৫.১৫। প্রদত্ত ঋণের উপর ৬% (শতকরা ছয় ভাগ) হারের বার্ষিক সরল সুদ ধার্য করা হবে।
- ৫.১৬। স্তাভাবিক নিয়মে গৃহ নির্মাণ ঋণ প্রদানের ১২তম মাস হতে সর্বোচ্চ ১২০ (একশত বিশ) টি কিস্তিতে ঋণের আসল অর্থ এবং ৩৬ (ছত্রিশ) টি কিস্তিতে সুদের অর্থ মাসিক বেতন হতে কর্তনের মাধ্যমে আদায় করা হবে। ঋণ গ্রহণকালে অবশিষ্ট চাকুরীকাল কম হলে আনুপাতিক হারে কিস্তির সংখ্যা হ্রাস পাবে। কর্তনের মাধ্যমে আদায়কৃত

টাকা প্রথমে আসল এবং পরবর্তীতে সুদ সমন্বয় করা হবে। তবে কোন কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণকালে অবসর গ্রহণের প্রাক্কালে ঋণের অর্থ অপরিশোধিত থাকলে তা অবসর গ্রহণকালে তার আনুতোষিক/ভবিষ্য তহবিল হতে সমন্বয় করা হবে মর্মে ঋণ গ্রহণকারীকে অঙ্গীকার নামা দিতে হবে।

- ৭.০৩। যদি কোন কারণে এর পরও কোন ঋণ অসমন্বিত থাকে তবে উহা মাসিক কিস্তিতে অথবা এককালীন আদায়যোগ্য হবে এবং ঋণের টাকা আদায় না হওয়া পর্যন্ত বন্ধককৃত জমির দলিল ও জামিননামা বলবত থাকবে।
- ৭.০৪। কোন কর্মকর্তা-কর্মচারী পদত্যাগ করলে তার ক্ষেত্রে মাসিক কিস্তিতে টাকা আদায় ও সমন্বয়ের পদ্ধতি বলবৎ রাখা যাবে না। এছাড়া কর্তৃপক্ষের নির্দেশ নামায় কেহ অন্য প্রতিষ্ঠানে ডেপুটেশনে চাকুরী করতে গেলে তার ক্ষেত্রে মাসিক কিস্তি কর্তন অব্যাহত থাকবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি নিয়মিত কিস্তি প্রদান করবেন মর্মে নির্ধারিত মূল্যের স্ট্যাম্প-এ একটি অঙ্গীকার নামা প্রদান করবেন।
- ৭.০৫। স্বেচ্ছায় অবসর গ্রহণকারী যে সকল কর্মকর্তা-কর্মচারী এককালীন অবসর সুবিধা গ্রহণ করবেন তাঁদের ক্ষেত্রে গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের সাকুল্য পাওনা (সুদ+আসল) তাঁদের প্রাপ্য আনুতোষিক এবং ভবিষ্য তহবিল হতে কর্তন/সমন্বয় করা হবে, তবে কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁদের ক্ষেত্রেও ঋণের সম্পন্ন অর্থ এবং ইহার উপর অর্পিত সুদ তাঁদের প্রাপ্য আনুতোষিক এবং ভবিষ্য তহবিল হতে কর্তন/সমন্বয় করা হবে।
- ৭.০৬। কোন কর্মকর্তা-কর্মচারী ইচ্ছা করলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এই নীতিমালা অনুযায়ী নির্ধারিত কিস্তির অধিক হারে অথবা পূর্ব নির্ধারিত সময়ের পূর্বেও যে কোন সময় সুদসহ সম্পূর্ণ টাকা/দেনা একসঙ্গে পরিশোধ করতে পারবেন।
- ৭.০৭। জমি ক্রয়ের জন্য প্রদত্ত ঋণের টাকা গ্রহণের পর হতে ০১ (এক) বছর অথবা জমি ক্রয়ের জন্য প্রাপ্য সম্পূর্ণ সিলিং গ্রহণ না করলে বা করতে ব্যর্থ হলে সর্বশেষ কিস্তি গ্রহণের পর হতে এক বছরের মধ্যে অথবা দলিল রেজিস্ট্রেশনের ০৩ (তিন) মাসের মধ্যে যা আগে ঘটে সেই সময়ের মধ্যে সংশ্লিষ্ট জমির মূল দলিল কোম্পানীতে জমা প্রদান করে বন্ধক করতে হবে। অন্যথায় উক্তরূপ মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাসের মধ্যে আদায় কালতক পুঞ্জিভূত সুদসহ সমুদয় টাকা কোম্পানীতে ফেরত দিতে বাধ্য থাকবে।
- ৭.০৮। ঋণের প্রতিটি কিস্তি প্রদানের তারিখ হতে ০১ (এক) বছরের মধ্যে উহা সংশ্লিষ্ট কাজে ব্যয় করে প্রয়োজনীয় প্রমাণাদিসহ কোম্পানীকে অবহিত করতে হবে। যদি কেহ এই নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলিত কিস্তির টাকা মঞ্জুরীপত্রের শর্তানুসারে ব্যয় করতে ব্যর্থ হয় তবে উক্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ০৬ (ছয়) মাসের মধ্যে আদায় কালতক পুঞ্জিভূত সুদসহ সমুদয় অর্থ কোম্পানীতে ফেরত দিতে বাধ্য থাকবে।
- ৭.০৯। কর্মকর্তা-কর্মচারীদের গৃহীত ঋণ চাকুরীকালীন সময়ের মধ্যে পরিশোধ নিশ্চিতকরণের ক্ষেত্রে ভবিষ্য তহবিলের (জমাকৃত/জমাতব্য) টাকাসহ প্রাপ্য আনুতোষিকের টাকাকে জামানত হিসেবে রাখার নিমিত্ত ক্ষমতা অর্পণপত্র এবং অঙ্গীকারনামা কোম্পানীর অনুকূলে প্রদান করতে হবে।
- ৭.১০। যদি কোন গৃহ নির্মাণ ঋণ গ্রহীতা সুদসহ অগ্রিম পরিশোধের পূর্বেই কোম্পানীর চাকুরী হতে পদত্যাগ করেন, পদচ্যুত বা অপসারিত হন তাহলে তাঁকে সম্পূর্ণ ঋণের পাওনা টাকা সুদসহ একসাথে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে কোম্পানীর নিকট তাঁর পাওনার বিপরীতে ঋণ সমন্বয় করা হবে।
- ৭.১১। পূর্ববর্তী উপ-বিধিসমূহে বর্ণিত শর্তাবলী সত্ত্বেও কোম্পানী ঋণের অর্থ জামিনদারের নিকট থেকে এবং প্রয়োজনে ঋণের বিপরীতে রক্ষিত জামানত বিক্রয়ের মাধ্যমে বা অন্য কোন আইনানুগ পন্থায় পাওনা আদায় করতে পারবে।

অন্যান্য শর্তাবলী :

- ৭.১২। জমি ক্রয় বন্ধক করার পূর্বেই জমি সংক্রান্ত স্বত্ব দলিল ও প্রাসঙ্গিক কাগজপত্র কোম্পানীর সংশ্লিষ্ট কর্মকর্তা অথবা কর্মচারী করিয়ে এই মর্মে প্রত্যয়ন করিয়ে নিতে হবে যে, দলিল পত্র যথাবিহীন সঠিক আছে।
- ৭.১৩। জমির স্বত্ব সংক্রান্ত দলিল ও কাগজপত্র যদি যথাবিহীন সঠিক না থাকে তবে কয়েক বর্ষের মধ্যে গৃহীত ঋণের সম্পূর্ণ টাকার প্রকল্পে কোম্পানীকে ফেরত দিতে হবে।
- ৭.১৪। উক্তরূপ জমি ক্রয়/ফ্ল্যাট-এর মূল দলিল পাওয়া না গেলে দলিল রেজিস্ট্রেশনের মূল বশিদ এবং দলিলের সার্টিফাইড কপি কোম্পানীর অনুকূলে জমা দিতে হবে। তবে মূল দলিল প্রাপ্তির পর তা কোম্পানীতে জমা দিতে হবে।

- ৮.০৪। ঋণের সকল আবেদনপত্র (নির্ধারিত ফরম) প্রয়োজনীয় কাগজপত্রসহ উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে অফিস সার্কুলার-এ বর্ণিত তারিখের মধ্যে কর্মকর্তা-কর্মচারীগণ প্রশাসন বিভাগে পৌঁছাবেন।
- ৮.০৫। এই নীতিমালা প্রবর্তনের পূর্বে যে সকল কর্মকর্তা-কর্মচারী ঋণ গ্রহণ করেছেন তাঁরাও এই নীতিমালার অধীনে প্রাপ্যতা সাপেক্ষে অতিরিক্ত ঋণের সুবিধা গ্রহণ করতে পারবেন। তবে শর্ত থাকে যে, এরূপ ক্ষেত্রে তাঁদের সমুদয় গৃহ নির্মাণ ঋণ এই নীতিমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পূর্ববর্তী ঋণের সুদের হার কম/বেশী হলে এ নীতিমালা অনুমোদিত হওয়ার তারিখ হতে ৬% হারে কার্যকর হবে।
- ৮.০৬। এতদ্বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত অফিস আদেশ/সার্কুলার বা অন্য কোন নীতিমালা যাই থাকুক না কেন এ নীতিমালা জারীর তারিখ হতে তা বাতিল বলে গণ্য হবে এবং নতুনভাবে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম এ নীতিমালার দ্বারা পরিচালিত হবে।
- ৮.০৭। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতদুশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা গৃহ নির্মাণ ঋণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় নীতিমালা-২০১১ অনুযায়ী কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীগণের ঋণ মঞ্জুর করবেন।

Vetted.

শেয়াজ্জের রহমান
কোম্পানীর সচিব
বকসুফুরিমা কোল মার্চিং কোম্পানী লিমিটেড

১৭/১/২০১২

এইচ. বি. আর ফরম-১

গৃহ নির্মাণ/জমিক্রয়/ফ্ল্যাটক্রয়ের উদ্দেশ্যে ঋণ গ্রহণ কালে (১ম কিস্তি) সম্পাদনকরণের চুক্তি ফরম।

অদ্য.....মাস.....সাল.....দুই হাজার এবং.....

জনাব.....পদবী.....গ্রাম.....

ডাকঘর.....থানা.....উপজেলা.....জেলা.....

(অতঃপর “ঋণগ্রহীতা” বলা হবে) যার প্রকাশ (Expression) অনুযায়ী ঋণ গ্রহীতার বৈধ উত্তরসূরীগণ, প্রতিনিধি এবং সত্ত্বের অংশীদার অন্তর্ভুক্ত হবে। এক পক্ষ এবং বিসিএমসিএল (বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড) (অতঃপর “বিসিএমসিএল” বলা হবে) যার প্রকাশ (Expression) বুঝাবে এবং অন্তর্ভুক্তি হবে কোম্পানীর সত্ত্বের অংশীদার স্বার্থ রক্ষাকারী উত্তরাধীকারী অপর পক্ষ (Other Part) এর মধ্যে চুক্তিটি স্বাক্ষরিত হল।

যেহেতু ঋণ গ্রহীতা টাকা.....(.....) দিয়া রেজিস্ট্রেশন

জেলা.....উপজেলা.....থানা.....এর অন্তর্গত

একটি গৃহ নির্মাণে সম্মত হয়েছে যার মোটামুটি সীমানা/চৌহদ্দিঃ

উত্তরে.....

দক্ষিণে.....

পূর্বে.....

এবং

পশ্চিমে.....

এবং যেহেতু ঋণ গ্রহীতা বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড এর গৃহ নির্মাণ অগ্রীম নিয়ম বিধির শর্তসমূহের আওতাভুক্ত (অতঃপর উল্লেখিত অগ্রীম বিধিসমূহ যা বর্তমানে কার্যকরী আছে ইহার প্রকাশ অনুযায়ী (Expression) উক্ত নিয়ম বিধির যে কোন সংশোধনীর অন্তর্ভুক্ত হবে) গৃহ নির্মাণের উদ্দেশ্যে অর্থ জোগানের জন্য দরখাস্ত কারী.....টাকা ঋণের নিমিত্তে আবেদন করেছে এবং বিসিএমসিএল ঋণ গ্রহীতার (Borrower) আবেদনকৃত.....টাকা অতঃপর উল্লেখিত শর্তসাপেক্ষে ধার (Lend) প্রদানে সম্মত হয়েছে। এতদ্বারা উভয়পক্ষ এই মর্মে সম্মত হয়েছে যে, বিসিএমসিএল ঋণ গ্রহীতাকে যে পরিমাণ টাকা প্রদান করবে (ঋণ গ্রহীতা যা প্রাপ্তি স্বীকার করিবে) ঋণ গ্রহীতা সে ক্ষেত্রে বিসিএমসিএল এর সাথে সম্মত হয়েছে।

১। বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড ঋণের টাকা উক্ত অগ্রীম বিধি অনুযায়ী হিসাবকৃত সুদ সহ ঋণ বিধির শর্ত অনুসারে ঋণগ্রহীতার মাসিক বেতন হতে কর্তন করতঃ পরিশোধ করতে হবে এবং কোম্পানীকে এতদরূপে কর্তনের জন্য এতদ্বারা ক্ষমতা অর্পন করা হল।

স্বাক্ষর

২। ঋণের প্রতিটি কিস্তি প্রদানের তারিখ হতে ০১ (এক) বছরের মধ্যে উহা সংশ্লিষ্ট কাজের ব্যয় করে প্রয়োজনীয় প্রমাণাদিসহ কোম্পানীকে অবহিত করতে হবে। যদি কেহ এই নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলিত কিস্তির টাকা মঞ্জুরীপত্রের শর্তানুসারে ব্যয় করতে ব্যর্থ হয় তবে উক্ত মেয়দ উত্তীর্ণ হওয়ার পর ০৬ (ছয়) মাসের মধ্যে আদায় কালতক পুঞ্জিভূত সুদসহ সমুদয় অর্থ কোম্পানীতে ফেরত দিতে বাধ্য থাকবে।

৩। এবং উক্ত ঋণ বিধি অনুযায়ী ঋণ গ্রহীতাকে দেয় ঋণের অংক এবং সুদের নিরাপত্তার জন্য কোম্পানী প্রয়োজন অনুসারে এরূপ দলিলপত্র সম্পাদন করতে হবে এবং ইহা পুনরায় সমর্পিত হল তার (ঋণ গ্রহীতার) নিজস্ব বসবাসের জন্য শীঘ্রই একটি গৃহ নির্মাণ করা হবে এবং এতদ্বারা সর্বশেষ সম্মত হওয়া এবং ঘোষণা করা হল যে, যদি উক্ত বাড়ীটি নির্মাণ করা না হয় এবং উপরোক্ত ডকুমেন্ট/দলিলপত্র স্বাক্ষরদানের শর্ত মোতাবেক সময়ের মধ্যে সম্পাদন করা না হয় অথবা ঐ সময়ের মধ্যে ঋণ গ্রহীতা অস্বচ্ছল/দেওলিয়া হয়ে যান অথবা কোম্পানীর চাকুরী ত্যাগ করেন অথবা মৃত্যুবরণ করেন তা হলে ঋণের সম্পূর্ণ অর্থ এবং উহার উপর হিসাবকৃত সুদ সত্তর পরিশোধযোগ্য হবে এবং বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-কে পরিশোধ করতে হবে।

ঋণগ্রহীতা স্বাক্ষীদের উপস্থিতিতে উপরে লিখিত তারিখে, সনে স্বজ্ঞানে এবং স্বহস্তে স্বাক্ষরদান করিলামঃ

উক্ত ঋণগ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হল :.....

নিম্নোক্ত স্বাক্ষীগণের উপস্থিতিতে :

১).....

২).....

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড এর পক্ষে মহাব্যবস্থাপক (প্রশাসন ও পার্সোনেল)

কর্তৃক স্বাক্ষরিত হল :.....

নিম্নোক্ত স্বাক্ষীগণের উপস্থিতিতে :

১).....

২).....

Handwritten signature

Handwritten signature

Handwritten signature

এইচ. বি. আর ফরম-২

গৃহ নির্মাণের উদ্দেশ্যে জমিক্রয়ের ঋণ গ্রহণ কালে (১ম কিস্তি) সম্পাদনকরণের চুক্তি ফরম।

অদ্য তারিখ.....মাস.....সাল.....(দুই হাজার এবং.....ইংরেজী সন)

জানাব.....পদবী.....গ্রাম.....

ডাকঘর.....থানা.....উপজেলা.....জেলা.....

(অতঃপর “ঋণগ্রহীতা” বলা হবে) যার প্রকাশ (Expression) অনুযায়ী ঋণ গ্রহীতার বৈধ উত্তরসূরীগণ/প্রতিনিধিগণ এবং স্বত্বের অংশীদার অন্তর্ভুক্তি হবে। এক পক্ষ এবং বিসিএমসিএল (বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড) (অতঃপর “বিসিএমসিএল” বলা হইবে) যাহার প্রকাশ (Expression) বুঝাবে এবং অন্তর্ভুক্তি হবে কোম্পানীর সত্ত্বের অংশীদার স্বার্থ রক্ষাকারী উত্তরাধীকারী অপর পক্ষ (Other Part) এর মধ্যে চুক্তিটি স্বাক্ষরিত হল।

যেহেতু ঋণ গ্রহীতা টাকা.....দিয়া রেজিস্ট্রেশন

জেলা.....উপজেলা.....থানা.....এর অন্তর্গত

একটি বসতবাড়ী তৈরীর উদ্দেশ্যে ক্রয় করার জন্য সম্মত হয়েছে যার মোটামুটি সীমানা/চৌহদ্দিঃ

উত্তরে.....

দক্ষিণে.....

পূর্বে.....

এবং

পশ্চিমে.....

এবং যেহেতু ঋণ গ্রহীতা বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড এর গৃহ নির্মাণ অগ্রীম নিয়ম বিধির শর্তসমূহের আওতাভুক্ত (অতঃপর উল্লেখিত অগ্রীম বিধিসমূহ যা বর্তমানে কার্যকরী আছে উহার প্রকাশ অনুযায়ী (Expression) উক্ত নিয়ম বিধির যে কোন সংশোধনীর অন্তর্ভুক্ত হবে) গৃহ নির্মাণের উদ্দেশ্যে অর্থ জোগানের জন্য দরখাস্তকারী

.....টাকা ঋণের নিমিত্তে আবেদন করেছে এবং বিসিএমসিএল ঋণ গ্রহীতার (Borrower)

আবেদনকৃত.....টাকা অতঃপর উল্লেখিত শর্তসাপেক্ষে ধার (Lend) প্রদানে সম্মত হয়েছে।

এতদ্বারা উভয়পক্ষ এই মর্মে সম্মত হয়েছে যে, বিক্রেতা ঋণগ্রহীতাকে এবং কোম্পানীর মধ্যে সম্পাদিত ত্রি-পাক্ষিক বিক্রয় চুক্তি অনুযায়ী বিসিএমসিএল ঋণ গ্রহীতাকে.....টাকা প্রদান করবে এবং সেই ক্ষেত্রে ঋণ

গ্রহীতা বিসিএমসিএল এর সাথে নিম্নবর্ণিত শর্তে সম্মত হয়েছেঃ

- ১। বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড ঋণের টাকা উক্ত অগ্রীম বিধি অনুযায়ী হিসাবকৃত সুদ সহ ঋণ বিধির শর্ত অনুসারে ঋণগ্রহীতার মাসিক বেতন হতে কর্তন করতঃ পরিশোধ করতে হবে এবং কোম্পানীকে এতদরূপে কর্তনের জন্য এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

শাফিকুল হক

M. Anil

চলমান পাতা-২

২। জমি ক্রয়ের জন্য প্রদত্ত ঋণের টাকা গ্রহণের পর হতে ০১ (এক) বছর অথবা জমি ক্রয়ের জন্য প্রাপ্য সম্পূর্ণ সিলিং গ্রহণ না করলে বা করতে ব্যর্থ হলে সর্বশেষ কিস্তি গ্রহণের পর হতে এক বছরের মধ্যে অথবা দলিল রেজিস্ট্রেশনের ০৩ (তিন) মাসের মধ্যে যা আগে ঘটে সেই সময়ের মধ্যে সংশ্লিষ্ট জমির মূল দলিল কোম্পানীতে জমা প্রদান করে বন্ধক করতে হবে। অন্যথায় উক্তরূপ মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাসের মধ্যে আদায় কালতক পুঞ্জীভূত সুদসহ সমুদয় টাকা কোম্পানীতে ফেরত দিতে বাধ্য থাকবে।

৩। ঋণের প্রতিটি কিস্তি প্রদানের তারিখ হতে ০১ (এক) বছরের মধ্যে উহা সংশ্লিষ্ট কাজের ব্যয় করে প্রয়োজনীয় প্রমাণাদিসহ কোম্পানীকে অবহিত করতে হবে। যদি কেহ এই নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলিত কিস্তির টাকা মঞ্জুরীপত্রের শর্তানুসারে ব্যয় করতে ব্যর্থ হয় তবে উক্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ০৬ (ছয়) মাসের মধ্যে আদায় কালতক পুঞ্জীভূত সুদসহ সমুদয় অর্থ কোম্পানীতে ফেরত দিতে বাধ্য থাকবে।

৪। এবং উক্ত ঋণ বিধি অনুযায়ী ঋণ গ্রহীতাকে প্রদত্ত ঋণের অংক এবং সুদের নিরাপত্তার জন্য কোম্পানীর প্রয়োজন অনুসারে এইরূপ দলিলপত্র সম্পাদন করতে হবে এবং ইহা পুনরায় সম্মত হল তার (ঋণ গ্রহীতার) নিজস্ব বসবাসের জন্য উক্ত জমিটি ক্রয় করা পরপরই এর উপর বসবাসের উপযোগী একটি গৃহনির্মাণের কাজ আরম্ভ করিবে এবং এতদ্বারা সর্বশেষ সম্মত হওয়া এবং ঘোষণা করা হল যে, উল্লেখিত এই চুক্তি স্বাক্ষরের তারিখ হতে শর্ত মোতাবেক সময়ের মধ্যে যদি জমিটি ক্রয় করা না হয় এবং উপরোক্ত ডকুমেন্ট/দলিলপত্রাদি সম্পাদন করা না হয় অথবা ঐ সময়ের মধ্যে ঋণ গ্রহীতা অস্বচ্ছল/দেওলিয়া হয়ে যায় অথবা কোম্পানীর চাকুরী ত্যাগ করেন অথবা মৃত্যুবরণ করেন তা হলে ঋণের সম্পূর্ণ অর্থ এবং এর উপর হিসাবকৃত সুদ সত্তর পরিশোধযোগ্য হবে এবং বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-কে পরিশোধ করতে হবে।

ঋণগ্রহীতা স্বাক্ষীদের উপস্থিতিতে উপরে লিখিত তারিখে, সনে স্বজ্ঞানে এবং স্বহস্তে স্বাক্ষরদান করলামঃ

উক্ত ঋণগ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হল :.....

নিম্নোক্ত স্বাক্ষীগণের উপস্থিতিতে :

১).....

২).....

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড এর পক্ষে মহাব্যবস্থাপক ()

কর্তৃক স্বাক্ষরিত হল :.....

নিম্নোক্ত স্বাক্ষীগণের উপস্থিতিতে :

১).....

২).....

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

এইচ.বি.আর.ফরম নং-৩

জমির মালিকানা স্বত্বের দলিলপত্র (Deeds) দাখিলের স্মারকলিপি
(Memorandum of Deposit of Title Deeds)

প্রতি,

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

এই স্মারকলিপি অদ্য..... তারিখ মাস

সন স্বাক্ষরিত হইল। আমি

পদবী বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড এতদ্বারা স্বীকার (Admit)

নিশ্চিত, প্রাপ্তি স্বীকার (Acknowledge) করছি যে গৃহ নির্মাণ/বসতবাড়ী/ফ্ল্যাট ক্রয় তৈরীর উদ্দেশ্যে

..... টাকা আমাকে ঋণ বাবদ দেওয়া হয়েছে এবং লিপিবদ্ধ (Record) করছি যে, আমার

সমস্ত সম্পত্তি এবং উহার স্বার্থ (Interest) এরূপ দলিলপত্র/ডকুমেন্টস্ সম্পর্কিত যা কোম্পানী কর্তৃক প্রদত্ত ঋণের

নিশ্চয়তার উদ্দেশ্যে তালিকা-১ এ (সিডিউল-১) উল্লেখিত (Specified) দলিল/ডকুমেন্টস্ যা তালিকা-২ তে

(সিডিউল-২) সম্পত্তি সম্পর্কিত বর্ণনাকৃত ইতিমধ্যে আমি বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড যা অতঃপর

কোম্পানীর বলে বলা হয়েছে (যার প্রকাশ এবং অন্তর্ভুক্তি হবে কর্পোরেশনের সত্ত্বের অংশীদার স্বার্থরক্ষাকারী এবং

প্রশাসন) উহার সাথে সমতুল্য বন্ধক (Equitable Mortgage) করার উদ্দেশ্যে দাখিল করেছি। বর্তমানে যা

ভবিষ্যতে চাহিদা মোতাবেক সুদসহ ঋণের অবশিষ্টাংশ এবং উহার অর্পিত খরচা সমূহ আমার আনুতোষিক/ভবিষ্যৎ

তহবিল অথবা অন্য যে কোন উপায়ে পাওনা হিসাব (Balance Account) হতে অথবা বাটার (Discount)

মাধ্যমে অথবা অন্য উপায়ে সমন্বয়ের জন্য প্রমিসরি নোট অংগীকারনামা ব্যক্তিগত ক্ষতিপূরণ বন্ধনী সম্পাদন করেছি

(Personal indemnity) এবং আমি এতদ্বারা নিশ্চিত করছি যে, আমি উল্লেখিত সম্পত্তিটির একক সম্পন্ন

স্বত্বাধিকারী যার স্বার্থ হস্তান্তরের সম্পূর্ণ অধিকারী এবং অন্য কারো এতে বা এর কোন অংশে কোন অধিকার,

মালিকানা স্বত্ব অথবা স্বার্থ নাই।

আমি এতদ্বারা আরো নিশ্চিত করছি যে, জমি/ফ্ল্যাট ক্রয়ের জন্য প্রদত্ত ঋণের সর্বশেষ কিস্তি গ্রহণের পর হতে ০১

(এক) বছর অথবা দলিল রেজিস্ট্রেশনের ০৩ (তিন) মাসের মধ্যে যা আগে ঘটে সেই সময়ের মধ্যে অধিকতর

নিরাপত্তার জন্য উক্ত সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা এবং কোম্পানীর প্রয়োজন অনুযায়ী অন্যান্য শর্তসহ ঐ সম্পত্তি একটি

বৈধ আইনানুগ বন্ধক দলিল যথাযথ নিয়মে নিজের খরচে কোম্পানীর অনুকূলে সম্পাদন করব।

স্বাক্ষর

পাতা-২

এবং এতদ্বারা আমি নিশ্চিত করছি যে, ঋণের প্রতিটি কিস্তি প্রদানের তারিখ হতে ০১ (এক) বছরের মধ্যে উহা সংশ্লিষ্ট কাজের ব্যয় করে প্রয়োজনীয় প্রমাণাদিসহ কোম্পানীকে অবহিত করব। যদি আমি এই নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলিত কিস্তির টাকা মঞ্জুরীপত্রের শর্তানুসারে ব্যয় করতে ব্যর্থ হই তবে উক্ত মেয়দ উত্তীর্ণ হওয়ার পর ০৬ (ছয়) মাসের মধ্যে আদায় কালতক পুঞ্জীভূত সুদসহ সমুদয় অর্থ কোম্পানীতে ফেরত দিতে বাধ্য থাকব।

এবং এতদ্বারা আমি আরো নিশ্চিত করছি যে, উল্লেখিত সম্পত্তি সম্পর্কীয় দাখিলকৃত দলিলপত্র/ডকুমেন্টস আমার দখলে হেফাজতে/নিয়ন্ত্রনে এবং ঐ সম্পত্তি সম্পর্কীয় অন্য কোন দলিল/ডকুমেন্টস কারো দখলে বা হেফাজতে নাই এবং ঐ সম্পত্তি অথবা উহার কোন অংশ কোনরূপ ভাবে দায়বদ্ধ বা অভিযুক্ত নয়।

এবং আমি আরও অঙ্গিকার করছি যে, উল্লেখিত সম্পত্তির মালিকানা স্বত্বের বৈধতা তদন্ত কালে ব্যয়/খরচাদি আমি বহন করব এবং যদি ঐ সম্পত্তির মালিকানা স্বত্বের বৈধতায় কোন দোষ ত্রুটি অথবা সম্পত্তি দায়বদ্ধ অবস্থায় পাওয়া যায়, সেই ক্ষেত্রে আমি নিজ খরচে দলিলটি যথোপযুক্ত করণে এর ভুল-ত্রুটি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা করব।

আমি উপরোল্লিখিত তারিখে, সনে নিম্নলিখিত স্বাক্ষীদের উপস্থিতিতে স্বাক্ষর করলাম :

তালিকা-১ (Schedule-1)

রেজিস্ট্রিকৃত দলিল নং তারিখ বহি নং
.....
সাব-রেজিস্ট্রি অফিস

তালিকা-২ (Schedule-2)

জমিটির সম্পূর্ণ অংশ (Piece and parcel) এবং জমিটির উপরে অবস্থিত ভবন বা তৎসমতুল্য সংযোজিত লাগোয়া ঘর (Appurtenances) কিংবা ঐ ধরনের সংযুক্ত ঘর (Appendages) স্বত্ব (Right) অধিকার (Right of Casement) সুবিধা (Privileges) সংলগ্ন ভবনের স্বত্ব বিপরীত স্বত্ব (Adverse Title) দখল অবস্থিত জেলায় থানা/উপজেলা মৌজা নং..... এস.এ.খতিয়ান নং
..... জে.এল নং..... প্লট নং..... পরিমান
..... শতাংশ/কাঠা।

বন্ধক দাতার স্বাক্ষর

তারিখ :

স্বাক্ষর :

নাম :

পিতার নাম :

স্থায়ী ঠিকানা :

১)

২)

৩)

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

এইচ.বি.আর.ফরম নং-৪

ক্ষতিপূরণ বন্ড (Indemnity Bond)

আমি

পদবী পিতার নাম

বিভাগ/ডিভিশন

স্থায়ী ঠিকানা

বর্তমান ঠিকানা.....

...../.....

এতদ্বারা বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-কে নিঃশর্তভাবে (Unconditional) ক্ষমতা (Authority) অর্পন করছি যে, যদি আমার মৃত্যু/বরখাস্ত (Dismissal)/ছাঁটাই/আমি কোম্পানীর চাকুরী ত্যাগ করি (এর যে কোন একটি কারণে), তাহা হলে গৃহ নির্মাণ অথবা বসতবাড়ীর উদ্দেশ্যে জমি ক্রয়ের জন্য কোম্পানী আমাকে যে ঋণ মঞ্জুর করেছে সুদসহ তা সমন্বয়ের জন্য (To adjust the balance) আমার আনুতোষিক/ভবিষ্যৎ তহবিল হতে অথবা অন্য কোন উপায়ে আদায় (Recovery) করতে পারবে।

আমি আরও এই মর্মে ঘোষণা করছি যে, সম্পত্তির বিপরীতে এই ঋণ মঞ্জুর করা হয়েছে ঋণের টাকা সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত কোম্পানীর সম্পত্তি ছাড়া কোন অবস্থাতেই সেই সম্পত্তি নিস্পত্তিকৃত (Disposed of) হবে না।

স্বাক্ষর :

তারিখ :

স্বাক্ষরী :

১)

২)

খানসুপা

Adnan

Adnan

এইচ.বি.আর. ফরম নং-৫

মনোনীত জামিনদারদের ঘোষণা (Declaration of Guaranter) (S)

আমরা ১)....., পদবী.....
 ২)....., পদবী.....

পদে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এ কর্মরত আছি। আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, জনাব/জনাবাপদবী.....-কে বিসিএমসিএল কর্তৃক প্রদেয়.....টাকার (কথায়.....টাকা)

গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় এর বিপরীতে আমরা জামিনদার হতে স্ব-ইচ্ছায় সম্মত আছি। একই সাথে তিনি আলোচ্য ঋণ পরিশোধ ব্যর্থ হলে আমরা নিজস্ব উৎস হতে উক্ত ঋণের অর্থ সমহারে বিসিএমসিএল-কে পরিশোধের অঙ্গীকার করছি। আমরা স্ব-জ্ঞানে, সুস্থ মস্তিষ্কে এবং অন্যের বিনা প্ররোচনায় বর্ণিত ঋণের জামিনদার হিসেবে নিম্নে স্বাক্ষর প্রদান করলাম।

মনোনীত জামিনদারদের স্বাক্ষর :

জামিনদার :

১) নাম :.....

পদবী :.....

ঠিকানা :.....

স্বাক্ষর :

১) নাম :.....

জামিনদার :

পদবী :.....

২) নাম :.....

ঠিকানা :.....

পদবী :.....

ঠিকানা :.....

স্বাক্ষর :

২) নাম :.....

পদবী :.....

ঠিকানা :.....

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

এইচ.বি.আর.ফরম নং-৫

মনোনীত জামিনদারদের ঘোষণা (Declaration of Guaranter) (S)

আমরা ১)....., পদবী.....
 ২)....., পদবী.....
 পদে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এ কর্মরত আছি। আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে,
 জনাব/জনাবাপদবী.....-কে বিসিএমসিএল
 কর্তৃক প্রদেয়.....টাকার (কথায়.....টাকা)
 গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় এর বিপরীতে আমরা জামিনদার হতে স্ব-ইচ্ছায় সম্মত আছি। একই সাথে তিনি
 আলোচ্য ঋণ পরিশোধ ব্যর্থ হলে আমরা নিজস্ব উৎস হতে উক্ত ঋণের অর্থ সমহারে বিসিএমসিএল-কে পরিশোধের
 অঙ্গীকার করছি। আমরা স্ব-জ্ঞানে, সুস্থ মস্তিষ্কে এবং অন্যের বিনা প্ররোচনায় বর্ণিত ঋণের জামিনদার হিসেবে নিজে
 স্বাক্ষর প্রদান করলাম।

মনোনীত জামিনদারদের স্বাক্ষর :

জামিনদার :

১) নাম :.....
 পদবী :.....
 ঠিকানা :.....

স্বাক্ষর :

১) নাম :.....

জামিনদার :

পদবী :.....

২) নাম :.....

ঠিকানা :.....

পদবী :.....

ঠিকানা :.....

স্বাক্ষর :

২) নাম :.....

পদবী :.....

ঠিকানা :.....

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর


ফরম নং-৬

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

গৃহ নির্মাণ ঋণের আবেদনপত্র

- ০১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) :
- ০২। পিতার নাম :
- ০৩। ঠিকানা :
- ক) বর্তমান :
- খ) স্থায়ী :
- ০৪। পদবী এবং খেঁড :
- ০৫। কোম্পানীতে চাকুরীর সময়সীমা :
- ০৬। জন্ম তারিখ :
- ০৭। জাতীয়তা :
- ০৮। বৈবাহিক অবস্থা :
- ০৯। বেতন স্কেল :
- ১০। বর্তমান মূল বেতন :
- ১১। জমি/ফ্ল্যাটের অবস্থান এবং বর্ণনা :
- ক) মেট্রোপলিটন এলাকার নাম :
- খ) পৌরসভা এলাকার নাম :
- গ) উপজেলা সদর দপ্তরের নাম :
- ঘ) জেলা ও উপজেলার নাম :
- ঙ) থানার নাম :
- চ) মৌজার নাম :
- ছ) সি.এস খতিয়ান নং :
- জ) সি.এস প্লট নং :
- ঝ) এস.এ খতিয়ান নং :
- ঞ) এস.এ প্লট নং :
- ট) চৌহদ্দি :
- পূর্বে :
- পশ্চিমে :
- উত্তরে :
- দক্ষিণে :

আবেদনকারী





পাতা-২

- ১১। জমি/ফ্ল্যাটটি কত দামে ক্রয় করা হয়েছে :
- ১২। আবেদনকারী অন্য কোন প্রতিষ্ঠান হতে জমি :
- ক্রয়/গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয়ের জন্য কোন ঋণ
বা অগ্রিম গ্রহণ করে থাকলে তার পূর্ণ বিবরণ
- ১৩। জমি/ফ্ল্যাটটি অন্য কোন প্রতিষ্ঠানের নিকট :
বন্ধক (Mortgage) আছে কিনা
- ১৪। গৃহের অনুমোদিত পরিকল্পনা (যদি থাকে) :
এবং গৃহটি যদি একতলার অধিক হয় গৃহটির
সর্বমোট ভিত্তি এলাকা (Plinth Area) এবং
অন্তর্ভুক্ত (Covered)
- ১৫। নির্মাণ কাজ শুরু হয়েছে কিনা এবং :
জমি/ফ্ল্যাটটি উপর আবেদনকারীর/বিক্রেতার
পূর্ণ মালিকানা অধিকার আছে কিনা
- ১৬। জমি/ফ্ল্যাটটি কোন প্রকার দায়বদ্ধ :
(Encumbrances) হতে মুক্ত কিনা এবং
জমিটির উপর আবেদনকারীর/বিক্রেতার পূর্ণ
মালিকানা আছে কিনা
- ১৭। গৃহটি তৈরীর আনুমানিক (Estimated) :
খরচ
- ১৮। গৃহটি নির্মাণ সম্পন্ন হওয়ার সম্ভাব্য তারিখ :
- ১৯। প্রয়োজনীয় ঋণের পরিমাণ :

নোট: আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রের সঙ্গে তাঁর মালিকানা স্বত্বের দলিলপত্র/ডকুমেন্টস দাখিল করতে হবে।

আবেদনকারীর স্বাক্ষর:

পদবী:

বিভাগ/শাখা:

তারিখ:

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, এই আবেদনপত্রে আমি যে সমস্ত তথ্য সরবরাহ/দাখিল করেছি উহা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোন কিছু গোপন করিনি।

আবেদনকারীর স্বাক্ষর:

সত্যায়নকারীর স্বাক্ষর:

স্বাক্ষর:


নাম:

পিতার নাম:

পেশা:

ঠিকানা:

প্রাপ্তস্বাক্ষর







আবেদনকারীর প্রত্যয়নপত্র (Certificate) যা নিয়ন্ত্রণকারী অফিসার কর্তৃক প্রতীক্ষাক্রমিত হবে

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, ঋণের অংক ব্যক্তিগত আবাসের উদ্দেশ্যে একটি গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের জন্য ব্যয় করা হবে এবং যদি এই চুক্তি ভঙ্গ (Break of Contract) করা হয় তাহলে, গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের ঋণ বাবদ গ্রহণকৃত অংক এবং উহার হিসাবকৃত সুদসহ সমুদয় অর্থ অবিলম্বে (Forthwith) এক কিস্তিতে কর্তৃপক্ষকে ফেরৎ দিব।

আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর

নিয়ন্ত্রণকারী অফিসারের স্বাক্ষর ও সীলমোহর

স্বাক্ষর



এইচ.বি.আর ফরম নং-৭

দ্বি-পক্ষীয় বিক্রয় চুক্তির স্বাক্ষরপত্র (.....)

এই চুক্তির স্মারকরিপি অদ্য তারিখ মাস সাল

(দুই হাজার) ইংরেজী সহ।

জনাব/জনাবা.....পিতা/স্বামীর নাম

..... জাতীয়তা বাংলাদেশী, ধর্ম বিশ্বাসে

মুসলমান/হিন্দু/খৃষ্টান/বৌদ্ধ অধিবাসী (স্থায়ী বাসিন্দা).....থানাধীন জেলা/উপজেলা

..... (অতপর বলা হবে “ভেভার” (বিক্রেতা) যার প্রকাশ (Expression) বুঝাবে

এবং অন্তর্ভুক্তি হবে তার উত্তরসূরীগণ, বৈধ প্রতিনিধিগণ, এবং সত্ত্বের অংশীদার একপক্ষ (One Part).

এবং

জনাব/জনাবা.....পিতা/স্বামীর নাম

..... জাতীয়তা বাংলাদেশী, ধর্ম বিশ্বাসে

মুসলমান/হিন্দু/খৃষ্টান/বৌদ্ধ অধিবাসী (স্থায়ী বাসিন্দা).....থানাধীন জেলা/উপজেলা

..... (অতপর বলা হবে “ভেভার” (বিক্রেতা) যার প্রকাশ (Expression) বুঝাবে

এবং অন্তর্ভুক্তি হবে তার মননীয় ব্যক্তি (Nominee) উত্তরসূরীগণ, বৈধ প্রতিনিধিগণ, এবং সত্ত্বের অংশীদার দ্বিতীয়

পক্ষ (Second Part).

যেহেতু উল্লেখিত ভোক্তার (বিক্রেতা) জমি/ফ্ল্যাটটির একক এবং সম্পূর্ণ মালিক এবং যা তার ভোগদখলে আছে যার

আয়তন বর্গফুট, অথবা.....কাঠা/শতাংশ, দাগ

নং.....

মৌজা.....থানাধীন.....জেলা/উপজেলার.....অন্তর্গত এবং


যার বিশদ বর্ণনা নিম্নোক্ত তালিকাতে (.....) উল্লেখিত।

এবং যেহেতু উক্ত ভেভার (বিক্রেতা) জমি/ফ্ল্যাটটি.....টাকা মূল্যে বিক্রয় করতে ইচ্ছুক এবং

উক্ত ক্রেতা উল্লেখিত জমি জমি/ফ্ল্যাটটি ক্রয় করতে ইচ্ছুক অতপর হস্তান্তরিত জমি (Demised Plot) বলে উল্লেখ

করা হল। যা নিম্নোক্ত তালিকাতে বর্ণিত হয়েছে এবং যা সম্পূর্ণভাবে সকল দায়ভার অভিযোগ মুক্ত।

স্বাক্ষর






এবং যেহেতু উক্ত বিক্রেতা উল্লেখিত মূল্যে প্রচলিত সর্বোচ্চ বাজারদর অনুযায়ী স্থিরকৃত হয়েছে তাতে তিনি সন্তুষ্ট বিধায় প্রস্তাবটি গ্রহণ করেছে এবং উভয় পক্ষ নিম্নেবর্ণিত শর্তস্বাপেক্ষে পারস্পরিক ভাবে সম্মত হয়েছে :-

- ১। বিক্রেতা হস্তান্তরিত জমি/ফ্ল্যাটটি (Demised Plot) টাকা মূল্যে বিক্রয় হস্তান্তর এবং সকল প্রকার দায়ভার, অভিযোগগুলি লিপিবদ্ধ করবেন এবং উক্ত ধার্যকৃত মূল্যে ক্রেতার পক্ষে তার ঋণের অংকের হিসাব হতে পাওনা বাবদ এবং পূর্বাকৃত মূল্যের আংশিক পরিশোধ হিসাবে ক্রেতা টাকা মাত্র পরিশোধ করেছে। বিক্রেতা এতদ্বারা যার স্বীকার এবং প্রাপ্তি স্বীকার করেছে।
- ২। বিক্রেতা বিক্রয় দলিল সম্পাদন/রেজিস্ট্রেশনের সময় অবধি এলডি (.....) ট্যাক্স বাবদ সকল বকেয়া দেয় পরিশোধ করবে এবং হস্তান্তরিত জমি/ফ্ল্যাটটি খালি দখলসত্ত্ব (.....) ক্রেতাকে অর্পণ করবে।
- ৩। ক্রেতা বিক্রেতার পাওনা বাবদ অবশিষ্টাংশ টাকা (.....) মাত্র.....তারিখ/দিনের মধ্যে প্রদান করবে এবং ক্রেতার অনুকূলে মালিকানা সত্ত্বের দলিল সম্পাদন ও রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। ইহার বিক্রয় দলিল ক্রেতা পাবে ভেণ্ডার (বিক্রেতা) হস্তান্তরিত জমি/ফ্ল্যাটটির এবং খালি দখল ক্রেতাকে বুঝিয়া দিবে।
- ৪। ক্রেতা এর প্রয়াস/প্রচেষ্টা থাকা সত্ত্বেও যদি ভেণ্ডার (বিক্রেতা) দলিল (Sale Bond) সম্পাদন, রেজিস্ট্রেশন এবং ক্রেতাকে হস্তান্তরিত জমি/ফ্ল্যাটটি (Demised Plot) খালি, দলিল (.....) অর্পণ/ডেলিভারী, করতে ব্যর্থ হন তা হলে এই চুক্তির শর্ত অনুযায়ী তার (ক্রেতা) সমস্ত দায়দায়িত্ব (Obligation) এবং অবশিষ্টাংশ টাকা পরিশোধ করতঃ ক্রেতা আদালতের/আইনের মাধ্যমে বিক্রয়দলিল সম্পাদন এবং রেজিস্ট্রেশন করবার অধিকার রাখে।
- ৫। যদি ক্রেতা উপরে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে জমি/ফ্ল্যাটটির অবশিষ্টাংশ টাকা পরিশোধ করতে ব্যর্থ হয় তা হলে বিক্রেতা, ক্রেতা নির্ধারিত সময় হতে আরও ১৫ দিন সময় বর্ধিত করবে এবং নির্ধারিত সময়ের পরেও বর্ধিত ১৫ দিনের মধ্যে অবশিষ্টাংশ টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে বায়নার টাকা (Earnest Money) বাজেয়াপ্ত বলে গণ্য হবে। তবে ক্রেতা, কোম্পানী এবং বিক্রেতার পারস্পরিক সম্পর্কিত অবশিষ্টাংশ টাকা প্রদান সময় উল্লেখিত বর্ধিত সময় হতে বৃদ্ধি করা যেতে পারে।
- ৬। হস্তান্তরিত জমি/ফ্ল্যাটটির (Demised Plot) সকল প্রকার দায়ভার মুক্ত এবং ক্রেতাকে উক্ত হস্তান্তরিত জমির দখল হস্তান্তর করতে কোন আইনানুগ বাধা নাই বিক্রেতার এরূপ বক্তব্য ক্রেতা সরল বিশ্বাস করে।
- ৭। ক্রেতার অনুরোধক্রমে বিক্রেতা জমি/ফ্ল্যাটটির সত্ত্ব সম্পর্কীয় সকল দলিলপত্র এবং ডকুমেন্ট তার (বিক্রেতার) মালিকানা সত্ত্বের বৈধতা তদন্তের নিমিত্তে ক্রেতাকে সরবরাহ করবে।

স্বাক্ষর





পাতা-৩

সম্পত্তির তালিকা (তফসিল)


নিম্নোক্ত স্বাক্ষীদের উপস্থিতিতে পক্ষত্রয় (The Parties) উপরে উল্লেখিত তারিখে নিজহস্তে স্বাক্ষর করলেন।

স্বাক্ষী :


১।

২।

.....
বিক্রেতার স্বাক্ষর/প্রথম পক্ষ

.....
 বিক্রেতার স্বাক্ষর/দ্বিতীয় পক্ষ

থাবস্থপক্ষ







বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলা'র একটি কোম্পানী)

BARAPUKURIA COAL MINING COMPANY LIMITED.

(A COMPANY OF PETROBANGLA)

সূত্র নং- বিসিএমসিএল/বোর্ড/২৬৫/ ২০৮

তারিখঃ ০৬-০৭-২০১৭

মহাব্যবস্থাপক (প্রশাসন).

বিসিএমসিএল


দিনাজপুর।

বিষয় : বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর ২৬৫তম বোর্ড সভার সিদ্ধান্তের ছয়ালিপি প্রেরণ।

মহোদয়,

বিসিএমসিএল পরিচালনা পর্ষদের ০৫-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৬৫তম বোর্ড সভায় আপনার বিভাগের উপস্থাপিত বিষয়ের দফা নং- ১৮৯৭/২৬৫/২০১৭, ১৮৯৮/২৬৫/২০১৭, ১৮৯৯/২৬৫/২০১৭ এবং ১৯০০/২৬৫/২০১৭-এর অনুমোদিত সিদ্ধান্তের ছয়ালিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদ পত্রের সঙ্গে প্রেরণ করা হ'ল।

আপনার বিশ্বস্ত,



(মোঃ আবুল কাসেম প্রধানীয়া)

কোম্পানি সচিব

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

উল্লেখ্য, “জমি/ফ্ল্যাট উন্নয়ন”-এর ক্ষেত্রে বায়না বা সাফকবলা দলিল সম্পাদনের প্রয়োজন হয় না। ফলে এটি ঋণ ব্যবহারের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। “জমি/ফ্ল্যাট উন্নয়ন”-এর ক্ষেত্রে প্রথম কিস্তিতে মঞ্জুরীকৃত টাকা ব্যয়ের ভাউচার/প্রতিবেদন দাখিল সাপেক্ষে দ্বিতীয় কিস্তিতে অবশিষ্ট টাকা প্রদান করা হবে শর্তটি সঙ্গতিপূর্ণ, যা উক্ত ছকের ২নং ক্রমিকে বর্ণিত রয়েছে। ফলে বিসিএমসিএল-এর ‘গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ নীতিমালা-২০১১’ এর ৫.০২নং অনুচ্ছেদে বর্ণিত ছকের ১নং ক্রমিকের ২নং কলাম হতে “উন্নয়ন” শব্দটি বিয়োজন করে নতুন একটি সারিতে সংযোজনপূর্বক উক্ত নীতিমালাটি সংশোধন করা প্রয়োজন।


৩.৩। বিস্তারিত আলোচনার পর পর্যদ, পেট্রোবাংলার আওতাধীন জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ন্যায় বিসিএমসিএল-এর কর্মকর্তা-কর্মচারীদের গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয়/জমি ক্রয় ঋণের বিপরীতে সুদ-কর্তণের হার ৬% (শতকরা ছয় ভাগ) হতে কমিয়ে ৫% (শতকরা পাঁচ ভাগ) নির্ধারণ এবং বিসিএমসিএল-এর ‘গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ নীতিমালা-২০১১’ এর প্রস্তাবিত সংশোধনী অনুমোদন দেয়ার বিষয়ে একমত হয়।

৪। সিদ্ধান্তঃ


পরিচালনা পর্যদ, বিসিএমসিএল-এর ‘গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ নীতিমালা-২০১১’ এর ৫.০২ এবং ৭.০১ অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধনের প্রত্যাশা অনুমোদন প্রদান করেঃ

| নং | বিসিএমসিএল-এ বিদ্যমান | সংশোধিত | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---------|--|--|---------------------------|----------------|-------|----|------------------------------|---|---------------------|----|--|--|---------------------------|---|---------|-----------------------|----------------|-------|----|--------------------|---|---------------------|----|--------------------------|--|---------------------------|----|---|--|---------------------------|
| ক) | ৫.০২) অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে ৪.০১ ক্রমিকে উল্লেখিত গৃহ নির্মাণ ঋণের সর্বোচ্চ পরিমাণ প্রদানের কিস্তি নিম্নরূপ হবে: | ৫.০২) অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে ৪.০১ ক্রমিকে উল্লেখিত গৃহ নির্মাণ ঋণের সর্বোচ্চ পরিমাণ প্রদানের কিস্তি নিম্নরূপ হবে: | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
